ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১৯৩৭
আগরতলা, ২৫ জুলাই, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

গত ১৮ জুলাই ২০২৫ তারিখে ত্রিপুরা দর্পণ পত্রিকায় 'শিশুদের শেখার আনন্দ গিলে খাচ্ছে শিক্ষা নীতি' শিরোনামে প্রকাশিত সংবাদটি এসসিইআরটি-র নজরে এসেছে। এবিষয়ে এসসিইআরটি-র পক্ষ থেকে এক স্পষ্টিকরণে জানানো হয়েছে, তৃতীয় এবং ষষ্ঠ শ্রেণির জন্য এই বছর থেকে নতুন জাতীয় শিক্ষানীতি-২০২০ এর সুপারিশ অনুযায়ী এবং ন্যাশনাল কারিকুলাম ফ্রেমওয়ার্ক ফর স্কুল এডুকেশন অনুযায়ী এনসিইআরটি নতুন বই প্রকাশ করেছে। তা রাজ্যেও চালু হয়েছে এবং এই বইগুলি হুবহু বাংলা ও ইংরেজীতে চালু করা হয়েছে এবং সমস্ত বইগুলো ছাত্র-ছাত্রীদের একুশ শতকের উপযোগী শিক্ষার্থী হিসেবে বহু গবেষণার মাধ্যমে এনসিইআরটি-র বিশেষজ্ঞরা তৈরী করেছেন। সুতরাং এই ধরণের খবরের কোন যৌক্তিকতা খোঁজে পাওয়া যাচ্ছে না। প্রকাশিত সংবাদটি সম্পূর্ণ ভাবেই কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের গৃহীত সিদ্ধান্তের পরিপন্থী। এই ধরণের সংবাদ রাজ্যবাসীদের বিভ্রান্ত করতে পারে।

*****